



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।

www.jessoreboard.gov.bd

স্মারক নং-বিঅ-৬/

তারিখ :

বিষয় : নবম ও দশম শ্রেণিতে পাঠদানের অনুমতি প্রদান সংক্রান্ত

সূত্র : শিক্ষা মন্ত্রণালয়ের ১৩/১১/২০১৩ খ্রি. তারিখের নথি নং ৩৭.০০.০০০০.০৭৩.৩৩.০৭১.১৩/৫৩৭ স্মারক পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিদ্যালয়টির নবম/দশম শ্রেণি খোলার লক্ষ্যে নিম্নে আরোপিত শর্তে উল্লেখিত বিষয়সমূহ ০১-০১-২০১৫ খ্রি. হতে নবম শ্রেণিতে ও ০১-০১-২০১৬ খ্রি. হতে দশম শ্রেণিতে ০২(দুই) বছরের জন্য মানবিক শাখায় পাঠদানের অনুমতি বিদ্যালয় মঞ্জুরী কমিটির অনুমোদন সাপেক্ষে প্রদান করা হ'ল।

- ১। নবম শ্রেণি : আবশ্যিক বিষয়সমূহ
(ক) বাংলা, (খ) ইংরেজি, (গ) গণিত, (ঘ) ধর্ম ও নৈতিক শিক্ষা (ঙ) শারীরিক শিক্ষা, স্বাস্থ্য বিজ্ঞান ও খেলাধুলা
- ২। মানবিক শাখার জন্য আবশ্যিক বিষয় : (চ) বাংলাদেশের ইতিহাস ও বিশ্ব সভ্যতা (ছ). ভূগোল ও পরিবেশ (জ). অর্থনীতি/পৌরনীতি ও নাগরিকতা (ঝ). বিজ্ঞান
- ৩। ঐচ্ছিক বিষয়সমূহ : যে কোন ০১টি। পাঠ্যক্রম অনুযায়ী শর্তসমূহ
 - ১। নিয়োগকৃত শিক্ষক/জনবলের বেতন ভাতাদি সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের নিজস্ব তহবিল হতে পরিশোধ করতে হবে
 - ২। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে NTRCA আইন-২০০৫ অনুসরণ করতে হবে
 - ৩। নবম/দশম শ্রেণি খোলার অনুমতিকে প্রথম পর্যায়ে ০২ (দুই) বছরের জন্য অর্থাৎ আগামী ৩১-১২-২০১৭ পর্যন্ত পাঠদানের অনুমতি বলে গণ্য করতে হবে। কোন অবস্থাতেই একে স্বীকৃতি হিসেবে গণ্য করা যাবে না
 - ৪। উক্ত মেয়াদের মধ্যে স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণে ব্যর্থ হলে এবং পাঠদানের অনুমতি নবায়ন না করা হলে উক্ত অনুমতি স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে। সেক্ষেত্রে উক্ত বিদ্যালয় পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বিরত হবে
 - ৫। শিক্ষা মন্ত্রণালয়ের ১৬-০৬-২০০৯ তারিখের এস.আর. ও নং ১৫৩/আইন/২০০৯ নীতিমালা অনুযায়ী অন্যান্য শর্তাবলী যথাযথভাবে পূরণ করতে হবে
 - ৬। আগামীতে পরীক্ষার ফল সংখ্যাগত ও গুণগতভাবে সন্তোষজনক করতে হবে
 - ৭। সিলেবাস অনুযায়ী বার্ষিক পাঠ পরিকল্পনা প্রণয়ন পূর্বক পাঠদান করতে হবে
 - ৮। বোর্ডের পূর্বানুমতি ছাড়া সংরক্ষিত তহবিলের অর্থ কোনক্রমেই উত্তোলন করা যাবে না
 - ৯। জাতীয় দিবসসমূহ উদযাপন এবং ক্রীড়া ও সাংস্কৃতিক কর্মকাণ্ডের আয়োজন করতে হবে
 - ১০। লাইব্রেরিতে পুস্তক সংখ্যা কাম্য পরিমাণে বৃদ্ধি করতে হবে
 - ১১। শিক্ষক নিয়োগের ক্ষেত্রে মহিলা কোটা অবশ্যই পূরণ করতে হবে

(ড. মোঃ আহসান হাবীব)

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৪

প্রধান শিক্ষক

যশোর কালেক্টরেট স্কুল

ডাকঘর: জিপিও, উপজেলা : যশোর সদর, জেলা : যশোর

স্মারক নং-বিঅ-৬/৭৫৬ (১১)

তারিখ : ১১/৩/১৫

অবগতির জন্যে অনুলিপি প্রেরিত হল : (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা
- ৩। পরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, ১ নং সোনারগাঁও রোড (পলাশী, নীলক্ষেত), ঢাকা-১২০৫
- ৪। উপ-পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, খুলনা অঞ্চল, খুলনা
- ৫। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর। পত্রটি বোর্ডের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য অনুরোধ করা হল
- ৭। জেলা শিক্ষা অফিসার, যশোর
- ৮। উপজেলা নির্বাহী অফিসার, যশোর সদর, জেলা : যশোর
- ৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, যশোর সদর, যশোর
- ১০। উপ-বিদ্যালয় পরিদর্শক (নিবন্ধন) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ১১। সংরক্ষিত কপি

বিদ্যালয় পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর